## দৈনিক আমাদের বার্তা

# ঢাবির বিজ্ঞান অনুষদে ভর্তিতে আসনপ্রতি লড়ছেন ৭৮



■ আমাদের বার্তা, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের বিজ্ঞান অনুষদের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের (স্নাতক) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। কার্জন হলের পরীক্ষা কেন্দ্র পরিদর্শন শেষে ঢাবি উপাচার্য বলেন, 'এ' ইউনিটে ১ লাখ ৪৬ হাজার ৮১১ জন পরিক্ষার্থী অংশগ্রহণ করেছে। ঢাকাসহ সারা দেশে আটটি বিভাগীয় শহরে এ বিশাল আয়োজন। প্রতিটি আসনের জন্য প্রায় ৭৮ জন পরিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

ঢাবি উপাচার্য অভিভাবকদের উদ্দেশে বলেন, তিব্র প্রতিযোগিতামূলক পরিক্ষা হওয়ায় বেশির ভাগ পরিক্ষার্থী অকৃতকার্য হবে।আমরা যেন তাদের তিরস্কার না করি এবং মনে কষ্ট না দিই।এমন পরীক্ষাগুলো অংশগ্রহণ করলে আত্মবিশ্বাস বাড়ে।

ব্যবসায় শিক্ষা অনুষদের ভর্তি পরীক্ষার প্রশ্নে অসংগতি নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে ঢাবি ভিসি বলে, প্রশ্ন পত্র ফাঁশ হয়নি।তাই পুনোরায় পরীক্ষা নেয়া হবে না।পরীক্ষার্থীদের কথা বিবেচনা করেই আমাদের গঠিত কমিটি আজকালের মধ্যেই বিবৃতি দেবে।

বিজ্ঞান অনুষদের থেকে প্রাপ্ত বিবৃতি অনুযায়ী আজকের পরীক্ষায় মোট আবেদনকারীর সংখ্যা ১ লাখ ৪৬ হাজার ৮১১ জন। আবেদনকারীদের মধ্যে ১ লাখ ৩৮ হাজার ৮৪৮ জন বিজ্ঞান শাখা, ৭ হাজরা ৯০ জন মানবিক শাখা এবং ৮৭৩ জন ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থী। ঢাকা ও ঢাকার বাইরের ৭টি বিভাগীয় শহরে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। ঢাকার মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ৮২ হাজার ৩১২ জন এবং বাকি বিভাগীয় শহরগুলোতে ৬৪ হাজার ৪৯৯ জন।

এ বছর বিজ্ঞান ইউনিটে আসন সংখ্যা ১ হাজার ৮৯৬টি, এর মধ্যে বিজ্ঞান শাখায় ১ হাজার ৮২০টি, মানবিক শাখায় ৫১টি এবং ব্যবসায় শিক্ষা শাখায় ২৫টি আসন রয়েছে। প্রতিটি আসনের বিপরীতে পরীক্ষার্থীর অনুপাতে ৭৭ জন।

## আমার দেশ

# ঢাবির 'বিজ্ঞান' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

**ঢাবি প্রতিনিধি**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের প্রথম বর্ষ 'বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা গতকাল শনিবার ঢাকাসহ দেশের আটটি বিভাগীয় শহরের পরীক্ষাকেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, এই ইউনিটে মোট ১ হাজার ৮৯৬টি আসনের বিপরীতে ১ লাখ ৪৬ হাজার ৮১১ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী আবেদন করেছে। এতে প্রতি আসনের বিপরীতে লড়েন ৭৮ জন পরীক্ষার্থী।

এ বছর বিজ্ঞান শাখা থেকে ১ লাখ ৩৮ হাজার ৮৪৮ জন, মানবিক শাখা থেকে ৭ হাজার ৯০ জন এবং ব্যবসায় শিক্ষা শাখা থেকে ৮৭৩ জন শিক্ষার্থী আবেদন করেছে। মোট আসনের মধ্যে বিজ্ঞান শাখার জন্য ১ হাজার ৮২০টি, মানবিক শাখার জন্য ৫১টি এবং ব্যবসায় শিক্ষা শাখার জন্য ২৫টি আসন রয়েছে।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সকাল সাড়ে ১১টায় কার্জন হল পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শন শেষে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান।

**প্রশ্নের ছবি তোলার সময় আটক এক**

গভর্নমেন্ট কলেজ অব অ্যাপ্লাইড হিউম্যান সায়েন্স পরীক্ষা কেন্দ্রের ৩০ নাম্বার কক্ষে মোবাইল নিয়ে ছবি তোলার সময় শাজিদ আহমেদ নামের এক শিক্ষার্থীকে আটক করে প্রক্টরিয়াল বডির কাছে তুলে দেন পরীক্ষা কেন্দ্রে দায়িত্বরত শিক্ষক মো. মাজহারুল ইসলাম। এ সময় তার কাছ থেকে দুটি মোবাইল উদ্ধার করা হয়। পরে লালবাগ থানায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে মামলা করার সিদ্ধান্ত নেওয়া হয়।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দিন আহমেদ বলেন, একজন শিক্ষার্থী মোবাইল নিয়ে প্রতারণা করার উদ্দেশ্যে প্রশ্নপত্রের ছবি তুলার সময় ধরা পড়ে। পরে তার সঙ্গে কথা বলে আমরা নিশ্চিত হয়েছি। তাকে লালবাগ থানায় দেওয়া হয়েছে। তার নামে মামলা রুজু করা হবে। এ ঘটনা ঘটলেও প্রশ্নপত্র ফাঁস বা নেতিবাচক কিছু হয়নি বলেও জানান তিনি।

দৈনিক বর্তমান



# বিজ্ঞান ইউনিটের মধ্য দিয়ে শেষ হলো ঢাবির ভর্তি পরীক্ষা

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বিজ্ঞান ইউনিটের প্রথম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব ইউনিটের ভর্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে। শনিবার ঢাবি ক্যাম্পাসসহ দেশের অন্য সাতটি বিভাগীয় শহরে এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ঢাবির উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান কার্জন হল কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন।

তিনি বলেন, বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষায় প্রতিটি আসনের বিপরীতে প্রায় ৭৮ জন শিক্ষার্থী প্রতিযোগিতা করছে। অত্যন্ত কঠোর প্রতিযোগিতামূলক এই পরীক্ষার মাধ্যমে অনেক শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবে না। তবে তাদের অন্যান্য পরীক্ষার প্রস্তুতি গ্রহণের ক্ষেত্রে এই পরীক্ষা আত্মবিশ্বাস বাড়াতে সহযোগিতা করবে। ভর্তির সুযোগ না পেলে শিক্ষার্থীরা যেন কোনোভাবেই মানসিক ট্রমার শিকার না হয়, ব্যাপারে অভিভাবকদের সচেতন থাকতে হবে। এই ইউনিটে মোট ১ হাজার ৮৯৬টি আসনের বিপরীতে ১ লাখ ৪৬ হাজার ৮১১জন ভর্তিচ্ছু শিক্ষার্থী আবেদন করেছেন। এবার বিজ্ঞান শাখা থেকে ১ লাখ ৩৮ হাজার ৮৪৮ জন, মানবিক শাখা থেকে ৭ হাজার ৯০ জন এবং ব্যবসায় শিক্ষা শাখা থেকে ৮৭৩ জন শিক্ষার্থী আবেদন করেছে। এই ইউনিটে মোট ১ হাজার ৮৯৬টি আসনের মধ্যে বিজ্ঞান শাখার জন্য ১ হাজার ৮২০টি, মানবিক শাখার জন্য ৫১টি এবং ব্যবসায় শিক্ষা শাখার জন্য ২৫টি আসন রয়েছে। এর আগে ৩ জানুয়ারি ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হয়। পরে ৪ জানুয়ারি চারুকলা ইউনিট, ২৫ জানুয়ারি কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট এবং ৮ ফেব্রুয়ারি ব্যবসায় শিক্ষা ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

## The Bangladesh Today

# DU 'Science Unit' admission test held

DHAKA : The admission test for the first-year undergraduate programme of the Science Faculty of Dhaka University (DU) for the academic year 2024-2025 was held yesterday, reports BSS.

The admission test went on the DU campus as well as in seven other divisional cities across the country.

Vice-Chancellor (VC) Professor Dr. Niaz Ahmed Khan along with Pro-VC (Admin) Prof Dr. Saima Haque Bidisha, Pro-VC (Education) Prof Dr. Mamun Ahmed, Treasurer Prof Dr. M. Jahangir Alam Chowdhury, Dean of the Science Faculty Professor Abdus Salam and Proctor Associate Prof Saifuddin Ahmed visited the examination center at the Curzon Hall.

The VC expressed satisfaction that the admission test was held in a peaceful manner. He also extended sincerely thanks to all the stakeholders for their cooperation in organizing the test in an orderly manner.

"A total 78 students are competing against each seat in the admission test of the Science Faculty. Due to the highly competitive nature of this exam, many will not get the opportunity to admit here," the VC said

He also urged the parents to be careful about their child as this test will help the students to prepare for other tests and to boost their self confidence. If they do not get the opportunity, be careful to them so that they do not suffer from metal trauma, he added.

A total of 1,46,811 students have applied against 1,896 seats in this unit. Out of the 1,896 seats, 1,820 seats have been allocated for the science background students, 25 for Business Studies students and 51 for the students of Humanities.

## আলোকিত বাংলাদেশ

# বিজ্ঞান ইউনিটের মধ্য দিয়ে শেষ হলো ঢাবির ভর্তি পরীক্ষা

● ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বিজ্ঞান ইউনিটের প্রথম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব ইউনিটের ভর্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে।

গতকাল শনিবার ঢাবি ক্যাম্পাসসহ দেশের অন্য সাতটি বিভাগীয় শহরে এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ঢাবির উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান কার্জন হল কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষায় প্রতিটি আসনের বিপরীতে প্রায় ৭৮ জন শিক্ষার্থী প্রতিযোগিতা করছে। অত্যন্ত কঠোর প্রতিযোগিতামূলক এই পরীক্ষার মাধ্যমে অনেক শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবে না। তবে তাদের অন্যান্য পরীক্ষার প্রস্তুতি গ্রহণের ক্ষেত্রে এই পরীক্ষা আত্মবিশ্বাস বাড়াতে সহযোগিতা করবে।

ভর্তির সুযোগ না পেলে শিক্ষার্থীরা যেন কোনোভাবেই মানসিক ট্রমার শিকার না হয়, ব্যাপারে অভিভাবকদের সচেতন থাকতে হবে। এই ইউনিটে মোট ১ হাজার ৮৯৬টি আসনের বিপরীতে ১ লাখ ৪৬ হাজার ৮১১জন ভর্তিচ্ছু শিক্ষার্থী আবেদন করেছেন।

এবার বিজ্ঞান শাখা থেকে ১ লাখ ৩৮ হাজার ৮৪৮ জন, মানবিক শাখা থেকে ৭ হাজার ৯০ জন এবং ব্যবসায় শিক্ষা শাখা থেকে ৮৭৩ জন শিক্ষার্থী আবেদন করেছে। এই ইউনিটে মোট ১ হাজার ৮৯৬টি আসনের মধ্যে বিজ্ঞান শাখার জন্য ১ হাজার ৮২০টি, মানবিক শাখার জন্য ৫১টি এবং ব্যবসায় শিক্ষা শাখার জন্য ২৫টি আসন রয়েছে। এর আগে ৩ জানুয়ারি ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হয়। পরে ৪ জানুয়ারি চারুকলা ইউনিট, ২৫ জানুয়ারি কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট এবং ৮ ফেব্রুয়ারি ব্যবসায় শিক্ষা ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

## দেশ রুপান্তর

# ঢাবির 'এ' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত

ঢাবি সংবাদদাতা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের 'এ' ইউনিট তথা বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বেলা ১১টায় দেশের সব বিভাগীয় শহরে একযোগে এই ভর্তি পরীক্ষা শুরু হয়। পরীক্ষার সময় ছিল ১ ঘণ্টা ৩০ মিনিট। সে অনুযায়ী পরীক্ষা ১২টা ৩০ মিনিটে শেষ হয়।

ভর্তি পরীক্ষা নিয়ন্ত্রক অফিস সূত্রে জানা যায়, ২০২৪-২৫ শিক্ষাবর্ষে বিজ্ঞান ইউনিটে সর্বাধিক আবেদন জমা পড়েছে। এবার ১ হাজার ৮৯৬টি আসনের বিপরীতে ১ লাখ ৪৬ হাজার ৬৯৪ জন শিক্ষার্থী আবেদন করেছেন। প্রতি আসনের বিপরীতে লড়েছেন ৭৭ জন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক মোস্তাফিজুর রহমান জানান, ভর্তি পরীক্ষার মোট সময় ১ ঘণ্টা ৩০ মিনিট। পরীক্ষা এমসিকিউ এবং লিখিত (বর্ণনামূলক) প্রশ্নে অনুষ্ঠিত হয়। ভর্তি পরীক্ষার মোট নম্বর ১০০; এর মধ্যে ৬০ নম্বরের এমসিকিউ এবং ৪০ নম্বরের লিখিত (বর্ণনামূলক) প্রশ্ন ছিল। এমসিকিউ পরীক্ষা ৪৫ মিনিট এবং লিখিত (বর্ণনামূলক প্রশ্ন) পরীক্ষা ৪৫ মিনিটের ছিল। পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়েছে।

# The Country Today



## 3-day Youth Festival ends at DU

**DU Correspondent**

A 3-day 'Youth Festival' at Dhaka University has concluded with the distribution of prizes for various competitions and a mega concert on Thursday.

The closing ceremony of the festival was presided over by Dhaka University Vice Chancellor Prof Dr. Niaz Ahmed Khan at the central playground. Asif Mahmud Sajeeb Bhuiyan, Advisor to the Ministry of Youth and Sports and the Ministry of Local Government, Rural Development and Cooperatives, was present as the chief guest at the event and distributed prizes among the winners of various competitions. Dhaka University and the Ministry of Youth and Sports jointly organized this festival with the theme 'Come change the country, change the world'.

Prof Dr. Mohammad Jasim Uddin, convener of the festival celebration committee, delivered the welcome speech at the closing ceremony. Secretary of the Ministry of Youth and Sports

Continued to page 2

## 3-day Youth Festival

Md. Rezaul Maksud Zahedi and Director General of the Department of Youth Development Dr. Gazi Md. Saifuzzaman spoke as a special guest at the event. Deans of various faculties, principals of various halls, teachers, students and senior officials of various ministries were present.

Vice-Chancellor Prof Dr. Niaz Ahmed Khan expressed his sincere gratitude to those concerned for successfully organizing this festival. Highlighting the role of the youth festival in building social unity, he said that through this, the relationship between government and private institutions with Dhaka University will be further strengthened.

Adviser Asif Mahmud Sajeeb Bhuiyan said, we are celebrating the youth festival nationwide to rebuild Bangladesh with the power of the youth society. He mentioned that this festival is being celebrated with the aim of organizing the youth society and presenting our capabilities to the world.

In addition, in the painting competition, Farhat Ali won 1st place, Rakin Nawad won 2nd place and Prashant Mondal won 3rd place.

# The Country Today

# DU students win prestigious IEEE EDS Undergraduate and Masters Fellowships for first time in Bangladesh




**Campus Desk**

Yeasin Arafat Pritom and Nazmul Hasan Naime from the Department of Electrical and Electronic Engineering (EEE), in the Faculty of Engineering and Technology (FoET), University of Dhaka, have been awarded the prestigious IEEE Electron Devices Society (EDS) Undergraduate and Masters Fellowships for the years 2023 and 2024, respectively.

The awards were handed over to them on Wednesday by the Vice-Chancellor, Prof Niaz Ahmed Khan in presence of Prof Dr. Upama Kabir, Dean, Faculty of Engineering and Technology, University of Dhaka and Dr. Mainul Hossain, Associate Professor, department of EEE. Both Yeasin and Nazmul were the first recipients of the awards from Bangladesh.

The highly competitive IEEE EDS Fellowships recognize outstanding students Continued to page 2

## DU students win

demonstrating exceptional research ability in the field of electron devices, with active involvement in supervised research projects and a proven history of academic excellence in engineering. Yeasin was the only student worldwide to receive the IEEE EDS Undergraduate Fellowship in 2023 while Nazmul was one of the three awardees globally to have been awarded the Master's 2024 Fellowship. The other two recipients of the Master's fellowship are from the Georgia Institute of Technology, USA, and the National Polytechnic Institute, Mexico.

Nazmul's current research focuses on the modeling of novel negative capacitance FET-based gas sensors, leveraging their steep-switching behavior for achieving high sensitivity and high performance.

# The Country Today



## Yakub, Sajeeb joint champions in DU Salimullah Muslim Hall annual sports competition

**DU Correspondent**

Md. Yakub Ali, a student of the Department of Islamic History and Culture, and Sajeeb Kazi, a student of the Department of Political Science, have become joint champions in the annual sports competition of Dhaka University Salimullah Muslim Hall.

In addition, Mohammad Amanullah Sarkar, a student of the Department of History, has become the runner-up. Dhaka University Pro-Vice Chancellor (Admin ) Prof Dr. Saima Haque Bidisha inaugurated the competition as the chief guest on Thursday morning at the Jagannath Hall playground. After the game, Treasurer Prof Dr. M. Jahangir Alam Chowdhury distributed prizes among the winners as the chief guest.

The event was presided over by Salimullah Muslim Hall Provost Dr. Abdullah-Al-Mamun, President of Dhaka University Athletics Committee Prof Dr. S. M. Arif Mahmud, Convener of the Hall Annual Sports Competition Prof Dr. Muhammad Ruhul Amin, Acting Director of the Physical Education Center SM Zakaria, along with the provosts of various halls, residential teachers and students were present.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯




## যায়যায়দিন



### শবে বরাত উপলক্ষে ঢাবি কেন্দ্রীয় মসজিদে আলোচনা সভা

পবিত্র শবে বরাত উপলক্ষে শুক্রবার বাদ আসর ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ 'মসজিদুল জামি'আয়' আলোচনা সভা, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

## দৈনিক বর্তমান



পবিত্র শবে বরাত উপলক্ষে শুক্রবার বাদ আসর ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ 'মসজিদুল জামি'আয়' এক আলোচনা সভা, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন -বর্তমান